1995

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

এসআরও নং ১৯৯-আইন/৯৮, তাং ০৩-০৯-১৯৯৮ দ্বারা এসআরওটি বিলুপ্ত।

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ই চৈত্র, ১৪০২ বাং/২৮শে মার্চ, ১৯৯৫ ইং

এস,আর,ও নং ৪৬-আইন/৯৫।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১লা কার্তিক, ১৩৯৭/১৭ই অক্টোবর, ১৯৯০ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৩৬২-আইন/৯০ তে নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) প্রথম অনুচ্ছেদ-

(অ) দফা (১) ও দফা (২) এর "তাঁহাকে নিম্নোক্ত হারে" শব্দগুলির পরিবর্তে উভয় স্থানে "তাঁহাকে ডাক বিভাগ কর্তৃক মনোনীত ডাকঘরের মাধ্যমে '2-Income Tax-other than companies' খাতে নিম্নোক্ত হারে" শব্দগুলি ও সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে।

(আ) শেষ প্রান্তস্থিত "আয়কর প্রদান করিতে হইবে" শব্দগুলির পরিবর্তে "সংশ্লিষ্ট আয় বৎসর (Income Year) এর পরবর্তী ১৫ই সেপ্টেম্বরের মধ্যে আয়কর প্রদান করিতে হইবে" শব্দগুলি, বন্ধনীগুলি, সংখ্যাটি ও অক্ষরটি প্রতিস্থাপিত হইবে;

(খ) অনুচ্ছেদ ২ এর-

(অ) "এর সংশ্লিষ্ট বিধানসমূহ" শব্দগুলির পরিবর্তে "অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লেখিত, এর সংশ্লিষ্ট বিধানসমূহ" কমাগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) পর নিম্নরূপ নূতন অনুচ্ছেদ ২ক সন্নিবেশিত হইবে যথা:-

"২ক। যদি কোন করদাতা প্রথম অনুচ্ছেদের বিধান অনুযায়ী সংশ্লিষ্ট আয় বৎসরের পরবর্তী ১৫ই সেপ্টেম্বরের মধ্যে উক্ত অনুচ্ছেদে উল্লেখিত হারে আয়কর প্রদানে ব্যর্থ হন এবং তিনি উক্ত তারিখের পরে কিন্তু উক্ত Ordinance এর আয় সংশ্লিষ্ট আয়কর বৎসরের কর নির্ধারণী সম্পন্ন হইবার পূর্বে প্রথম অনুচ্ছেদে বর্ণিত হারে আয়কর প্রদান করিতে ইচ্ছা করেন তাহা হইলে তিনি উক্ত আয়কর, উহার উপর প্রতি বৎসর বা উহার খণ্ডাংশের জন্য ৫০% হারে জরিমানাসহ, প্রদান করিতে পারিবেন:

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner

তবে শর্ত থাকে যে, উক্ত Ordinance এর আওতায় সংশ্লিষ্ট আয় বৎসরের কর নির্ধারণী সম্পন্ন হইবার পরে প্রথম অনুচ্ছেদের অধীন কোন আয়কর প্রদান করা হইলে উক্ত Ordinance এর অধীন নির্ধারিত আয়কর হইতে বাদ দেওয়া হইবে, কিন্তু করদাতা প্রথম অনুচ্ছেদে নির্ধারিত হারে আয়কর প্রদানের সুযোগ পাইবেন না"।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
ডঃ আকবর আলি খান
সচিব।

সংশোধনী এস,আর,ও-টি [১৩৯] *নং পৃষ্ঠায় দেখুন।*

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
S.R.O. No. 46/1995 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner